

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৮

নভেম্বর ১৫, ২০০৬  
তারিখ: -----  
অগ্রহায়ণ ০১, ১৪১৩

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ পুনঃতফসিলিকরণের নীতিমালা যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।

ঋণ পুনঃতফসিলিকরণ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের ১৩ জানুয়ারী, ২০০৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়েছে যে, কতিপয় ব্যাংক বাংলাদেশ ব্যাংকের জারীকৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করে কোন কোন খেলাপী ঋণগ্রহীতাকে ঋণ পুনঃতফসিলিকরণের সুযোগ প্রদান করছে যা শাস্তিযোগ্য অপরাধ।

এমতাবস্থায়, খেলাপী ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের জারীকৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদের পুনরায় নির্দেশ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৭১১৭৮২৫